# মুহাম্মাদ | Muhammad | مُحَمَّد

আয়াতঃ ৪৭ : ২৬

## আরবি মূল আয়াত:

ذٰلِكَ بِاَنَّهُمۡ قَالُوۡا لِلَّذِيۡنَ كَرِهُوۡا مَا نَزَّلَ اللّٰهُ سَنُطِيۡعُكُمۡ فِىۡ بَعۡضِ الۡاَمۡرِ ۚۖ وَ اللّٰهُ يَعۡلَمُ اِسۡرَارَهُمۡ ﴿۲۶﴾

## অনুবাদসমূহ:

এটি এ জন্য যে, আল্লাহ যা নাযিল করেছেন তা যারা অপছন্দ করে। তাদের উদ্দেশ্যে, তারা বলে, 'অচিরেই আমরা কতিপয় বিষয়ে তোমাদের আনুগত্য করব'। আল্লাহ তাদের গোপনীয়তা সম্পর্কে অবহিত রয়েছেন। — আল-বায়ান

এ কারণেই আল্লাহ যা অবতীর্ণ করেছেন তাকে যারা অপছন্দ করে তাদেরকে তারা বলে দিয়েছে যে, কোন কোন ব্যাপারে আমরা তোমাদেরকে মানবো। আল্লাহ তাদের গোপন কথাবার্তাকে খুব ভাল করেই জানেন। — তাইসিরুল

এটা এ জন্য যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তা যারা অপছন্দ করে তাদেরকে তারা বলেঃ আমরা কোন্ কোন্ বিষয়ে তোমাদের আনুগত্য করব? আল্লাহ তাদের গোপন অভিসন্ধি অবগত আছেন। — মুজিবুর রহমান

That is because they said to those who disliked what Allah sent down, "We will obey you in part of the matter." And Allah knows what they conceal. — Sahih International

২৬. এটা এজন্যে যে, আল্লাহ যা নাযিল করেছেন, তা যারা অপছন্দ করে তাদেরকে ওরা বলে, অচিরেই আমরা কোন কোন বিষয়ে তোমাদের অনুগত্য করব। আর আল্লাহ্ জানেন তাদের গোপন অভিসন্ধিসমূহ।

-

তাফসীরে জাকারিয়া

(২৬) এটা এ জন্য যে,[1] আল্লাহ যা অবতীর্ণ করেছেন, যারা তা অপছন্দ করে তাদেরকে তারা বলে,[2] 'আমরা কোন কোন বিষয়ে তোমাদের আনুগত্য করব।'[3] আল্লাহ তাদের গোপন অভিসন্ধি অবগত আছেন।[4]

[1] এখানে 'এটা' বলে তাদের ধর্মত্যাগ করার প্রতি ইঙ্গিত করা হয়েছে।

[2] অর্থাৎ, মুনাফিকরা মুশরিকদেরকে অথবা ইয়াহুদীদেরকে বলে।

[3] অর্থাৎ, নবী করীম (সাঃ) এবং তার আনীত দ্বীনের বিরোধিতায়।

[4] যেমন অন্যত্র বলেছেন, {وَاللهُ يَكْتُبُ مَا يُبَيِّتُونَ} অর্থাৎ,তারা রাত্রে যা পরামর্শ করে, আল্লাহ তা লিপিবদ্ধ করে রাখেন। (সূরা নিসাঃ ৮১)

তাফসীরে আহসানুল বায়ান

---

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4571

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন